# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

## বনানী ডিওএইচএস কমিউনিটি সেন্টার বুকিং নীতিমালা

ভূমিকাঃ বনানী ডিওএইচএস এ সামাজিক অনুষ্ঠানের জন্য একটি কমিউনিটি সেন্টার রয়েছে। যেখানে বিবাহ অনুষ্ঠান, হলুদ, এ্যাংগেজমেন্ট, জন্মবার্ষিকী, মৃত্যুবার্ষিকী, পূনর্মিলনী এবং বিভিন্ন জাতীয় সামাজিক অনুষ্ঠানের জন্য ভাড়া দেয়া হয়। কমিউনিটি সেন্টারটি ডিওএইচএস এর বাসিন্দাদের জন্য সর্বদা উন্মুক্ত রাখা এবং অগ্রাধিকার দেয়া হয় । ইহা সশস্ত্র বাহিনীর অফিসারগণের জন্য তুলনামূলক কম ভাড়া নেয়া হয়। এবং বনানী ডিওএইচএস স্থায়ী বাসিন্দাবৃন্দ ও অন্যান্যদের জন্য ক্রমান্বয়ে ভাড়া বৃদ্ধি করা হয়। এই নীতিমালা সকলকে মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। নীতিমালার শর্তাবলী নিম্নে প্রদত্ত হলোঃ

১। কমিউনিটি সেন্টারটির ০২ টি অংশ রয়েছে। একটি কমিউনিটি হল অপরটি হার্ডস্ট্যান্ড। বিল্ডিং এর ২য় তলায় কমিউনিটি হল এবং কমিউনিটি হলের সম্মুখে হার্ডস্ট্যান্ড অবস্থিত। হার্ডস্ট্যান্ড বুকিং নিতে ইচ্ছুক হলে কমিউনিটি হল বুকিং নেয়া বাধ্যতামূলক।

২। কমিউনিটি হল। কমিউনিটি হলে এক সাথে বসার ধারন ক্ষমতা - ২২৫ জন। স্টেইজ করা হলে বসার ধারন ক্ষমতা হবে-১৭০ জন।

৩। হার্ডস্ট্যান্ড। হার্ড স্ট্যান্ডে স্টেইজ সহ এক সাথে বসার ধারন ক্ষমতা ঃ ৩০০-৩৫০ জন।

৪। সার্ভিস চার্জ। রন্ধনশালা ব্যবহার ও কমিউনিটি হল পরিস্কার-পরিচ্ছন্নতা বাবদ ৭৫০০/- টাকা সার্ভিস চার্জ নির্ধারণ করা হয়েছে। কমিউনিটি সেন্টার এর ভাড়ার সাথে সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে।

৫। ভাড়া। কমিউনিটি হল এবং হার্ডস্ট্যান্ড এর ভাড়া ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ হতে নিম্নরুপভাবে পুনর্নির্ধারণ করা হয়েছেঃ

| শ্রেণীবিন্যাস | কমিউনিটি হল | হার্ডস্ট্যান্ড | সার্ভিস চার্জ | সাউন্ড সিস্টেম | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| সশস্ত্র বাহিনীর অফিসারবৃন্দ | ৩০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৭৫০০.০০ | ৭৫০০.০০ | ৬০,০০০/-টাকা |
| বনানী ডিওএইচএসে বসবাসরত স্থায়ী বাসিন্দাগণ (সশস্ত্র বাহিনী ব্যতিত) | ৩৩,০০০.০০ | ১৭,০০০.০০ | ৭৫০০.০০ | ৭৫০০.০০ | ৬৫,০০০/- টাকা |
| অন্যান্য সকলের জন্য- প্রযোজ্য | ৪০,০০০.০০ | ২০,০০০.০০ | ৭৫০০.০০ | ৭৫০০.০০ | ৭৫,০০০/- টাকা |

৬। সাউন্ড সিস্টেমঃ কমিউনিটি সেন্টারে যে কোন অনুষ্ঠানের জন্য পরিষদের নিজস্ব ব্যবস্থপনায় সাউন্ড সিস্টেম ভাড়া প্রদান করা হয় এবং পরিষদের অপারেটর দ্বারা সাউন্ড সিস্টেম পরিচালনা ও নিয়ন্ত্রন করা হয়। । বাহির হতে সাউন্ড সিস্টেম আনা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। এক্ষেত্রে গান-বাজনা বাজানোর জন্য অনুষ্ঠানকারী কে তাদের নিজস্ব মোবাইল/ল্যাপটপে গান-বাজনা নির্বাচন করে আনতে হবে।

# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

৭। **ক্যাটারিং, ডেকোরেটর ও ইভেন্ট ম্যানেজমেন্ট প্রসংগেঃ** শুধুমাত্র বনানী ডিওএইচএস কমিউনিটি সেন্টারের সাথে তালিকাভূক্ত ক্যাটারিং, ডেকোরেটর ও ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান দ্বারা অনুষ্ঠানের যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। **বাহিরের কোন ক্যাটারিং/ নিজস্ব বাবুর্চী দ্বারা রান্না-বান্না ও ডেকোরেটর/ ইভেন্টম্যানেজমেন্ট এর কাজ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।** এই আদেশের ব্যতয় ঘটিয়ে যদি অনুষ্ঠান করা হয় তাহলে অনুষ্ঠানকারী এবং ক্যাটারিং/ডেকোরেটর/ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান'কে জরিমানা করা হবে।

৮। **হল ভাড়া জমা প্রসংগেঃ** প্রাথমিক বুকিং এর দিন সিকিউরিটি মানি বাবদ নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং প্রাথমিক বুকিং এর ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট সম্পূর্ন বুকিং মানি **BANANI DOHS PORISHOD** শিরোনামে চেক/পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করতে হবে। কোন প্রকার ক্ষতিসাধন ব্যতিরেকে অনুষ্ঠান সম্পন্ন হলে অনুষ্ঠান শেষে সিকিউরিটি মানি ফেরত প্রদান করা হবে। এছাড়া বুকিং মানি জমা করিতে ব্যর্থ হলে অত্র পরিষদ বুকিং বাতিল করার এখতিয়ার রাখে।

৯। **ভ্যাট সংক্রান্তঃ** গ্রাহকগন অনুষ্ঠানের অতিথি জনবল অনুযায়ী প্রতি জনের জন্য ১৫% (সর্বনিম্ন ৪৫ টাকা) হারে খাবারের জন্য ক্যাটারিং প্রতিষ্ঠানকে ভ্যাট প্রদান করবেন এবং অনুষ্ঠানের ৪৮ ঘন্টার মধ্যে ব্যাংকে জমা করতঃ চালানের মুলকপি রাজস্ব অঞ্চলে দাখিল পূর্বক যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর করতঃ উহার ফটোকপি অত্র অফিসে জমা প্রদান করে সিকিউরিটি মানি ফেরত নিবেন।

১০। **বুকিং বাতিল/পরিবর্তন।** বুকিং বাতিল/পরিবর্তন করতে চাইলে অনুষ্ঠানের কমপক্ষে ২১ দিন পূর্বে লিখিতভাবে আবেদন করতে হবে। এক্ষেত্রে কমিউনিটি হল ও হার্ডস্ট্যান্ড প্রযোজ্য ক্ষেত্রে ১৫% টাকা কর্তন করা হবে। অনুষ্ঠানের ১৫ থেকে ২০ দিন পূর্বে বাতিলের আবেদন করলে ৫০% টাকা কর্তন করে ৫০% টাকা ফেরত প্রদান করা হবে। ১৫ দিনের কম সময়ে বুকিং বাতিল/পরিবর্তনের জন্য আবেদন করলেও কোন কার্যকরী ব্যবস্থা গ্রহন করা সম্ভব হবে না এবং বুকিং এর টাকা ফেরত প্রদান করা হবে না।

১১। অনুষ্ঠানের সময়সূচীঃ

ক। দিনের অনুষ্ঠান: সকাল ১১:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অনুষ্ঠান সম্পূর্ণভাবে শেষ করতে হবে।

খ। রাতের অনুষ্ঠান: সন্ধ্যা ৭:০০ ঘটিকা হতে রাত ১১:৩০ ঘটিকা পর্যন্ত। এক্ষেত্রে ১০:৩০ ঘটিকার মধ্যে সাউন্ড সিষ্টেম এর কাঁর্যক্রম বন্ধ করা হবে এবং রাত ১১:৩০ ঘটিকার মধ্যে অনুষ্ঠান সম্পূর্ণভাবে শেষ করতে হবে। উক্ত সময়ের পর অনুষ্ঠানের জন্য অতিরিক্ত সময় বৃদ্ধির জন্য কোন সুপারিশ/অনুরোধ কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। এ প্রেক্ষিতে উল্লেখিত সময়ে কমিউনিটি সেন্টারটি সম্পূর্ণ খালি করা না হলে বিদ্যুৎ সংযোগ বন্ধ করে দেয়া হবে।

১২। কমিউনিটি হলের ধারন ক্ষমতা বিবেচনা করে অনুষ্ঠানের অতিথির সংখ্যা সর্বোচ্চ ১০০০ জন নির্ধারণ করা হলো।

১৩। অনুষ্ঠানে আগত মেহমানদের মোবাইল, মানিব্যাগ, ভ্যানিটি ব্যাগ এবং স্বর্ণ-অলংকার নিজ নিজ দায়িত্বে রাখিবেন। কোন কিছু হারানোর ব্যাপারে অত্র পরিষদ দ্বায়ী থাকিবে না এবং এ ধরনের কোন অভিযোগ গ্রহনযোগ্য হবে না।

১৪। ক্রোড়পত্রে ক তে বর্নিত বুকিং ফরমটি যথাযথভাবে পূরন করতঃ অনুষ্ঠানকারী পরিষদ অফিসে জমা করবেন।

উপসংহারঃ এই নীতিমালাটি যুগোপযোগী করার জন্য একটি প্রয়াস মাত্র। যা সময়ে সময়ে পরিবর্তন/পরিবর্ধন করা যাবে।

তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০২৫

মোহাম্মদ আলমগীর
গ্রুপ ক্যাপ্টেন (অব.)
পক্ষে সভাপতি